দৈনিক ইত্তেফাক

তারিখ 14 SEP 1992
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

18

## বগুড়ায় গণ সাক্ষর দিবস পালন

বগুড়া সংবাদদাতা জানান, প্রধানমন্ত্রী ঘোষিত বগুড়ায় পূর্ণাঙ্গ টি,ভি কেন্দ্র নির্মাণ শুরুর দাবীতে বগুড়ায় সর্বস্তরের পেশাজীবী সংগঠন, বিভিন্ন রাজনৈতিক দল ও ছাত্র সংগঠনের নেতৃবৃন্দের উপস্থিতিতে গৃহীত ৫ দিনব্যাপী কর্মসূ- (১১শ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## বগুড়ায় গণস্বাক্ষর

(১ম পৃঃ পর)

চীর মধ্যে গতকাল রবিবার প্রথম দিনে টিভি কেন্দ্র বগুড়ায় স্থাপনের সমর্থনে শহরের বিভিন্ন রাস্তায়, অফিস ও কলকারখানাসমূহে গণস্বাক্ষর সংগ্রহ করা হইয়াছে। স্বাক্ষর সংগ্রহের প্রথম দিনে ৬ হাজারের বেশী লোক বগুড়ায় পূর্ণাঙ্গ টিভি কেন্দ্র স্থাপনের সপক্ষে স্বাক্ষর প্রদান করিয়াছে। সারাদিন শহরের বিভিন্ন মোড়ে এবং গুরুত্বপূর্ণ স্থানে পথ সভা ও সন্ধ্যায় বিক্ষোভ মিছিল বাহির হয়। বগুড়ায় পূর্ণাঙ্গ টিভি কেন্দ্র নির্মাণের দাবীর প্রতি সমর্থন জানাইয়া আরও অর্ধ—শতাধিক সাংস্কৃতিক সংগঠন, ব্যবসায়ী সংগঠন ও ব্যক্তিবর্গ সম্মতি জ্ঞাপন করিয়া বিবৃতি প্রদান করিয়াছেন বলিয়া সম্মিলিত সাংস্কৃতিক জোট বগুড়া জেলা শাখা সূত্রে জানা গিয়াছে।

গত রবিবার দৈনিক ইত্তেফাকে প্রথম পাতায় "পূর্ণাঙ্গ টিভি কেন্দ্রের দাবীতে বগুড়ায় বৃহস্পতিবার হরতাল" শীর্ষক সংবাদে 'বুধবার হরতাল' হইবে।

১